The Children and Family Reporter
Helping families make arrangements for their children
দি চিল্ড্রেন এবং ফ্যামিলি রিপোর্টার (শিশু ও পারিবারিক সংবাদদাতা)
পরিবারগুলোকে তাদের শিশুদের জন্য ব্যবস্থা করতে সাহায্য করে

(Bengali)

ক্যাফকাস (CAFCASS) কি?

‘চিলড্রেন এ্যান্ড ফ্যামিলি কোর্ট এ্যাড্‌ভাইজরি এ্যান্ড সাপোর্ট সার্ভিস’ (শিশু এবং পারিবারিক আদালত উপদেষ্টা এবং সহায়তা পেরিসবা) - ‘ক্যাফকাস’ - সেইফগার্ডস্[১] এবং এর কাজ হলো পারিবারিক আদালতের মামলায় জড়িত শিশুদের মঙ্গল স্বরক্ষিত করণ এবং উন্নতিবিধান করা। আমরা শিশু ও তাদের পরিবারদের নিয়ে কাজ করি, শিশুদের বক্তব্য যাতে শোনা হয় এবং তাদের চাহিদা যাতে মেটানো হয় তা স্বনিশ্চিত করি।

আমরা কোর্ট বা আদালতদের উপদেশ দেই যাতে তারা যে সিদ্ধান্ত নেয় তাতে ছেলেমেয়েদের সর্বাধিক স্বার্থ স্বরক্ষিত হয়। আমরা কোর্ট, সোস্যাল সার্ভিস[২] এডুকেশান এন্ড হেলথ্ অথরিটির (শিক্ষা ও স্বাস্থ্য কর্তৃপক্ষ) এবং সমতুল্য সমস্ত এজেন্সীগুলো থেকে স্বতন্ত্র। আমরা পারিবারিক আদালতগুলোতে (ফ্যামিলি কোর্ট) কাজ করি । ফৌজদারী আদালতে (ক্রিমিনাল কোর্ট) কাজ করিনা।

---

[১] যে সব সংস্থা ও এজেন্সীগুলো ছেলেমেয়েদের নিয়ে কাজ করে তাদের ওপর ছেলেমেদের কল্যাণ স্বরক্ষিত রাখা ও উন্নতিবিধান করা বিশেষত: স্বাস্থ্যবান হওয়া, নিরাপদ থাকা, আনন্দ উপভোগ করা ও অর্জন করা, একটি সদর্থক অবদান রাখা ও অর্থনৈতিক স্বাচ্ছন্দ অর্জন করার ক্ষেত্রে ব্যবস্থা নেওয়াকে দি চিলড্রেন এ্যাক্ট 2004 একটি আইনগতভাবে বিধিবদ্ধ কর্তব্য হিসেবে স্থাপন করে।

[২] এই লিফলেটে (প্রচারপত্রে) ‘সোস্যাল সার্ভিসেস’ শব্দটি সমাজ কল্যাণের কাজকর্ম সম্পর্কে এবং বিশেষত: শিশুদের সামাজিক কেয়ার (যত্ন) নেওয়ার ক্ষেত্রে স্থানীয় কর্তৃপক্ষের (লোকাল অথরিটির) কাজকর্মকে নির্দেশ করে।

চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টার কি এবং তারা কি করে?

চিলড্রেন এবং ফ্যামিলি রিপোর্টাররা শিশুদের ও পরিবারদের নিয়ে কাজ করায় প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ। অনেক কোর্টে তাদেরকে পরিবারগুলোকে তাদের শিশুদের জন্য ব্যবস্থায় রাজি হতে চেষ্টা করায় সাহায্য করতে বলা হবে। যদি কোন ব্যবস্থাতেই পৌঁছানো না যায় তবে চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টারকে এগুলো করতে বলা হবে:

- অমীমাংসিত বিষয়গুলি সমাধানের ওপর পরিবারের সঙ্গে কাজ চালিয়ে যাওয়া এবং/অথবা
- অনুসন্ধান করা ও কোর্টের জন্য একটি রিপোর্ট লেখা।

ফার্স্ট ডাইরেকশানস হিয়ারিং (প্রথম নির্দেশের শুনানীতে) কি ঘটে

'ফার্স্ট ডাইরেকশানস হিয়ারিং' শিশুদের নিয়ে যে দরখাস্ত করা হয়েছে সেটি নিয়ে কিভাবে এগিয়ে যাওয়া যাবে সে সম্পর্কে কোর্ট সিদ্ধান্ত নেবে । মামলাটির জন্য একটি টাইম টেবিল (সময় নির্ঘন্ট ও) ঠিক করা হয়। কোর্টে শুনানী হয় এবং তাতে কেসের পার্টিরা, তাদের আইনবিষয়ক প্রতিনিধিরা এবং একজন কোর্টের পদমর্য্যাদাসম্পন্ন ব্যক্তি উপস্থিত থাকেন। অধিকাংশ কোর্টেই ফার্স্ট ডাইরেকশানস হিয়ারিং উপস্থিত থাকার জন্য একজন চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টার পাওয়া যায়। এই শুনানীতে অন্যান্য যে সব দিক বিবেচনা করা হয় তার মধ্যে রয়েছে:

- শিশু নিরাপত্তার যে কোন বিষয়ে, এবং
- কোর্টের কেস (মামলা) না চালিয়ে উভয়পক্ষের মধ্যে একটি চুক্তিতে পৌঁছানোর সম্ভাবনা

তারা কিভাবে চেষ্টা করে ও চুক্তিতে পৌঁছায়?

বিষয়গুলির সমাধান করা যায় কিনা এবং একটি চুক্তিতে পৌঁছানো যায় কিনা তা দেখার জন্য কোর্ট চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টারকে আপনার সঙ্গে এবং অন্যান্য পিতামাতা অথবা মামলার পার্টির সঙ্গে সাক্ষাৎ করার জন্য বলতে পারে। এটি বিরোধ নিষ্পত্তি হিসাবে পরিচিত। একটি যৌথ সাক্ষাৎকারের (মিটিং) পরামর্শ দেওয়া হতে পারে কিন্তু আপনার সবসময়ই এক একা দেখা করার অধিকার রয়েছে। কখনও কখনও আপনার শিশু ও শিশুদের মিটিং এ আনার জন্য বলা হতে পারে অথবা তাদের সঙ্গে পৃথকভাবে দেখা করার ব্যবস্থা করা যেতে পারে। এটি স্থানীয় বিবাদ নিষ্পত্তির প্রকল্প দরখাস্তের প্রকৃতি এবং শিশুর বয়সের উপর নির্ভর করবে।

প্রচুর কেসের (মামলার) ক্ষেত্রে মিটিং এর সময় বিষয়গুলোর কিছু অথবা সবগুলোর উপরই চুক্তিতে পৌঁছানো যায়। তখন চুক্তিটি কাজ করছে কিনা তা দেখার জন্য কিছু সময় দিতে পারে। যদি তুলনামূলকভাবে দ্রুত চুক্তিতে পৌঁছানো যায় তখন চুক্তিটি কাজ করছে কিনা তা দেখার জন্য কিছু সময় দিতে পারে। যদি তুলনামূলকভাবে দ্রুত চুক্তিতে পৌঁছানো না

যায় তবে বিরোধ নিষ্পত্তির চেষ্টা করতে চিলড্রেন এবং ফ্যামিলি রিপোর্টার আরও সেশান (আলোচনাসভা) করার জন্য পরামর্শ দিতে পারে। এগুলো কোর্টের বদলে আমাদের অফিসগুলোর মধ্যে একটিতে হতে পারে।

চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টার আরও পরামর্শ দিতে পারত যে মধ্যস্থতা সাহায্য করতে পারে। মধ্যস্থতা একটি স্বেচ্ছাপ্রদত্ত পদ্ধতি যাতে বিরোধ নিষ্পত্তির চেষ্টা করতে পিতামাতারা একজন নিরপেক্ষ ব্যক্তির সঙ্গে সাক্ষাৎ করতে পারে। যদি এমন না হয় যে উভয় পিতামাতারাই তথ্য দিতে রাজি হয়েছে অথবা মধ্যস্থতাকারী মনে করেন যে শিশুটির নিরাপত্তা স্বরক্ষিত রাখতে অধিক তদন্তের দরকার তবে মধ্যস্থতার মিটিংগুলো গোপনীয় হয়।

বিরোধ নিষ্পত্তি এবং মধ্যস্থতার মিটিং উভয়ই আপনার কাছে অন্যের সাথে কথা বলার এবং অন্যের মতামত শোনার একটি স্বযোগ প্রদান করে। আপনার জন্য কোর্টের সিদ্ধান্ত নেওয়ার বদলে তারা আপনার শিশুর জন্য সবচেয়ে ভাল কি হবে তা বের করতে আপনাকে সাহায্য করতে পারে।

তবুও যদি চুক্তিতে পৌছানো না যায় তবে কি হয়?

তবু ও যদি বিষয়গুলো না মিটে তবে কোর্ট সাধারণত: চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টারকে তাদের কাজ চালিয়ে যেতে অথবা তদন্ত করতে এবং আপনার শিশুর জন্য তারা যা সবচেয়ে ভাল বলে মনে করে সে সম্পর্কে একটি রিপোর্ট লিখতে বলবে। রিপোর্টটিতে যে সব তদন্ত করা হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ থে্ক এবং সবচেয়ে ভাল উপায় সম্পর্কে একটি সদর্থক স্বপারিশ করে। আপনার পরিবারের সঙ্গে অধিক কাজ করা ও এর অন্তর্ভুক্ত হতে পারে। সাধারণত: একটি রিপোর্ট তৈরী করতে প্রায় দশ সপ্তাহ সময় নেয়। তথাপি এই সময়ে চুক্তিতে পৌঁছানো খুবই স্বাভাবিক। যখন রিপোর্ট শেষ হয়ে যায় তখন এটি কৌর্টে চলে যায়। যদি আপনার একজন সলিসিটর (উকিল) থাকে তবে তার কাছে ও পাঠিয়ে দেওয়া হয় অথবা যদি আপনার সলিসিটার না থাকে তবে আপনার কাছে পাঠিয়ে দেওয়া হবে।

চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টার কার সঙ্গে কথা বলতে চাইবে?

প্রাথমিকভাবে চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টারের আপনার সঙ্গে এবং মামলার অন্য পার্টির সঙ্গে কথা বলার দরকার হবে। যদি সম্ভাব্য হিংসাত্মক কাজকর্ম অথবা ক্ষতির বিষয় থাকে তবে প্রাথমিকভাবে আপনাকে একা দেখা হবে এবং তারপর উপযুক্ত হলে ও উভয়ই রাজি থাকলে একসাথে দেখা হবে। চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টারও আপনার ছেলেমেয়ের সঙ্গে সাক্ষাৎ করতে ও কথা বলতে চাইবে। শিশুদের জন্য সবচেয়ে ভাল কি হবে সে বিষয়ে সিদ্ধান্ত নিতে তাদের ইচ্ছা ও অনুভূতি জানার দরকার হবে। এগুলো কি তা কোর্টকে বলা চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টারের কাজের অঙ্গ।

আপনার ছেলেমেয়েদের সঙ্গে, আপনার সঙ্গে ও মামলার অন্য পার্টির সঙ্গে কথা বলার সঙ্গে সঙ্গে কখনও চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টারের আপনার ও আপনার ছেলেমেয়েদের সম্পর্কে অন্যান্য যারা তথ্য দিতে পারে তাদের সঙ্গেও কথা বলার দরকার হতে পারে। উদাহরণস্বরূপ একজন ডাক্তার, শিক্ষক, হেলথ ভিজিটর অথবা সোস্যাল ওয়ার্কার হতে পারে। কোর্ট কোন একজন বিশেষ ব্যক্তির সঙ্গে যোগাযোগ করতেও বলতে পারে। চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টার কার সঙ্গে কথা বলা হবে তা আপনাকে জানাবে এবং প্রয়োজনে আপনার মতৈক্যও জানতে চাইবে।

পুলিশে, সোস্যাল সার্ভিসে(চাইল্ড প্রোটেকশান রেজিস্টার সহ) অনুসন্ধান করা এবং ক্যাফকাসে ইতিমধ্যেই যে সব তথ্য রয়েছে সেগুলো দেখা স্বাভাবিক।

চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টারকে আমি যা বলি তা কি গোপনীয় ?

চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টারকে আপনার দেওয়া যে কোন তথ্য তাদের কোর্টের রিপোর্টে অন্তর্ভুক্ত হতে পারে এবং তথ্যটি অন্যান্য উদ্দেশ্যে ও দেওয়া হতে পারে। উদাহরণস্বরূপ, যদি শিশুর নিরাপত্তা স্বরক্ষার কোন উদ্বেগ থাকে, তবে কখনও কখনও অন্য একটি এজেন্সীকেও তথ্য দেওয়ার দরকার হতে পারে। অধিকন্তু শিশু ও পরিবারসমূহের সুবিধার্থে আমরা গবেষনা চালানোর অধিকারী এবং সময়ে সময়ে আপনার তথ্য এইরূপ গবেষনায় ব্যবহৃত হতে পারে।

এর সঙ্গে যুক্ত অন্যান্য পিতামাতা অথবা প্রাপ্তবয়স্কদের কি আমাকে দেখতে হবে?

না, যদি আপনি না চান তবে দেখতে হবে না। একটি যৌথ মিটিং এর জন্য পরামর্শ দেওয়া যেতে পারে, কিন্তু আপনার সবসময় নিজ থেকে দেখার অধিকার রয়েছে।

আমার শিশু যা চায় কোর্ট কি তাই করবে?

তাদের বয়স ও বোধগম্যতার কথা ধরে নিয়ে, কোর্ট শিশুদের ইচ্ছা ও অনুভূতি বিবেচনা করে। সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে, যাইহউক, কোর্ট আপনার শিশু যা চায় তা নাও করতে পারে কিন্তু আপনার শিশুর জন্য সবচেয়ে ভাল বলে যা মনে করবে তাই করতে চাইবে।

চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টার যা পরামর্শ দেয় কোর্ট কি সবসময় তাই করবে?

কোর্টই সিদ্ধান্ত নেয় কি হবে কিন্তু চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টার যা বলবেন তা কোর্ট স্বযত্নে বিবেচনা করবে। চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টার যা অনুমোদন করেছে তার সঙ্গে যদি কোর্ট অসম্মত হয় ইহা তার কারণ ব্যাখ্যা করবে।

আমার মতামতের কি মূল্য থাকবে?

আমরা আমাদের সমস্ত পরিষেবা ও কাজকর্ম সম্পর্কে প্রতিক্রিয়াকে স্বাগত জানাই কারণ তা আমাদের পরিষেবা- গঠন ও উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। শিশু, ও তরুন ব্যক্তি, পিতামাতা, আত্মীয়স্বজন, কোর্ট ও অন্যান্য এজেন্সী - যারাই আমাদের পরিষেবা ব্যবহার করে তাদের প্রত্যেকের কাছে থেকে আমরা শুনতে চাইব।

এই প্রতিক্রিয়া হতে পারে:

- আমাদের **নীতি** (পলিসি) অথবা ধরণ অথবা আমাদের পরিষেবার জন্য যে কোন দিক সম্পর্কে একটি মন্তব্য
- আমাদের কাজ অথবা কোন একজন চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টার সম্পর্কে একটি **প্রশংসাবাদ**।
- আমাদের সঙ্গে আপনার কাজের যে কোন দিক সম্পর্কে একটি **অভিযোগ**

আমাদের পরিষেবা সম্পর্কে সমস্ত মন্তব্য, প্রশংসাবাদ এবং অভিযোগ আমরা রেকর্ড (নথিভুক্ত) করব, তদারকি করব এবং পর্যালোচনা করব এবং ফলাফল আমাদের বার্ষিক রিপোর্ট প্রকাশিত হবে।

একবার মামলা শেষ হয়ে গেলে পরিষেবার উন্নয়নের স্বার্থে এবং গবেষনার উদ্দেশ্যে, আমরা আপনার মতামতের জন্য আপনার কাছে যেতে পারি।

মন্তব্য ও প্রশংসাবাদের প্রতিক্রিয়া আমি কিভাবে জানাব?

যে কোন মন্তব্য বা প্রশংসাবাদ (লিখিতভাবেই জানা হয়) সংশ্লিষ্ট প্র্যাকটিশনারকে (কর্মীকে) দিয়ে দিন অথবা এই লিফলেটের পেছনে দেওয়া ঠিকানায় স্থানীয় 'ক্যাসকাস' ম্যানেজারের কাছে সেগুলো পাঠিয়ে দিন। আপনার মন্তব্য বা মতামত yourviews@cafcass.gov.uk. তে ইমেইলের মাধ্যমে আমাদের জাতীয় অফিসেও পাঠিয়ে দিতে পারেন।

আপনার কেইসের শেষে আপনার কেইসের সঙ্গে যুক্ত প্র্যাকটিশনার (কর্মী) অথবা তাদের ম্যানেজারের সঙ্গে একটি ফিডব্যাক মিটিং (প্রতিক্রিয়ার আলোচনা সভা) করার জন্য আপনি অনুরোধ করতে পারেন।

'ক্যাফকাস' যে পরিষেবা প্রদান করে তাতে যদি আমি খুশী না হই তবে কি হবে?

আমাদের লক্ষ্য সমস্ত পারিবারিক কার্যবিবরণীতে একটি উচ্চ গুণমানের পরিষেবা প্রদান করা এবং শিশুদের তাদের জীবনের সঙ্কটময় মুহূর্তে বক্তব্য প্রকাশের অধিকার দেওয়া। আমরা এইসব উদ্দেশ্য থেকে বিচ্যুত হয়েছি বলে কখন পরিষেবা ব্যবহারকারীরা বিশ্বাস করেন তা জানা আমাদের পক্ষে গুরুত্বপূর্ণ।

আমাদের একটি অভিযোগের পদ্ধতি আছে যা অভিযোগগুলো যাতে যথাসম্ভব দ্রুত, নিরপেক্ষভাবে ও কার্যকরভাবে মোকাবিলা করা হয় তা স্বনির্দিষ্ট করতে গঠিত হয়েছে। অভিযোগের পদ্ধতির একটি সূচনা নীচে দেওয়া হল। সম্পূর্ণ পদ্ধতিটি পরিষেবা ব্যবহারকারীদের[3] জন্য একটি পুস্তিকায় দেওয়া আছে, যা আপনার স্থানীয় 'ক্যাফকাস' অফিসে পাওয়া যায় অথবা www.cafcass.gov.uk.তে ইনফরমেশান সেকশানে সহজে পাওয়া যাবে

আমি যদি একটি অভিযোগ করতে চাই তবে কি হবে?

প্রথমত: আপনি পরিষেবার কোন দিক নিয়ে অখুশী কিনা তা সবসময় সংশ্লিষ্ট চিলড্রেন এবং ফ্যামিলি রিপোর্টারকে জানানো উচিত। বিষয়গুলো মেটানোর একটি স্বযোগ থাকতে পারে। বিকল্প হিসেবে আগের পৃষ্ঠায় যেমন বর্ণনা দেওয়া আছে সেইভাবে আপনার কেসের শেষে আপনি একটি ফিডব্যাক মিটিং (প্রতিক্রিয়া জানানোর আলোচনা সভা) এর জন্য অনুরোধ করতে পারেন।

যদি আপনি তা করতে না চান এবং তার বদলে এগিয়ে যেতে চান এবং একটি অভিযোগ করেন, তবে যত তাড়াতাড়ি সম্ভব স্থানীয় 'ক্যাফকাস' ম্যানেজারের সঙ্গে যোগাযোগ করুন।

যদি আপনি রিপোর্টের বিষয়বস্তুর সঙ্গে একমত না হন তবে এটি কোর্টের শুনানীর সময় উত্থাপন করাই সবচেয়ে ভাল হবে।

আমাদের কাছে অভিযোগ জানিয়ে কোর্টের সিদ্ধান্তের ফলাফল পাল্টানো সম্ভব নয়। কোর্টের দ্বারা নেওয়া সিদ্ধান্তের সঙ্গে যদি আপনি একমত না হন তবে আপনার কোর্টের সিদ্ধান্তের বিরুদ্ধে একটি সম্ভাব্য আপীল সম্পর্কে আইনী পরামর্শ নেওয়া প্রয়োজন।

এটি খুবই গুরুত্বপূর্ণ যে কিছু সময়সীমা আছে যার মধ্যে আমরা অভিযোগ গ্রহণ করি। প্রাপ্ত বয়স্কদের জন্য ঘটনা ঘটার তিন মাসের মধ্যে। এই সময় সীমা সমূহের বিশদ বিবরণের জন্য 'ইউর ভিজিট কাউন্ট' ('*Your Views Count*') পুস্তিকাটি দেখুন।

আপনি আমাদের দ্বারা আপনার অভিযোগের প্রাপ্তিস্বীকার পাঁচটি কাজের দিনের মধ্যে আশা করতে পারেন। শিশুদের দ্বারা যে কোন বিষয়ের ওপর অভিযোগ নেওয়া যেতে পারে। যে শিশু একটি অভিযোগ করতে চায় তাকে সম্পূর্ণ পদ্ধতিটি জুড়ে একজন নিরপেক্ষ উকিলের সহযোগিতা দেওয়া হবে।

---

[3] Your Views Count – How to make a comment, compliment or complaint about our work

শিশু নিরাপত্তা

শিশুরা কোন গুরুত্বপূর্ণ ক্ষতির ঝুঁকির মধ্যে আছে কিনা তা খুঁজে বের করতে আমরা অন্যান্য এজেন্সীদের দিয়ে পরীক্ষা করাই। যেখানে শিশুরা গৃহগত হিংসাত্মক কাজের শিকার হয় তাও এর অন্তর্ভুক্ত রয়েছে। পুলিশ, সোস্যাল সার্ভিস এবং চাইল্ড প্রোটেকশান রেজিস্টারকে নিয়ে নিয়মমাফিক পরীক্ষা করা হয়। অতিরিক্ত এজেন্সীদের (জি পি, স্কুল) দিয়ে অধিক পরীক্ষার দরকার আছে কিনা তা আমরা আপনাদের জানাব। কোর্টের জন্য একটি রিপোর্ট তৈরীতে তথ্য ব্যবহার করা হবে এবং সোস্যাল সার্ভিসকে ও দেওয়া হতে পারে।

যে সব ব্যবস্থা শিশুদের বা তরুণ-তরুণীদের এবং তাদের কেয়ারারদের নিরাপত্তাকে ঝুঁকির মধ্যে ফেলে সেগুলোকে আমরা সমর্থন করবো না।

বৈচিত্র

আমাদের উদ্দেশ্য শিশুদের ব্যক্তিগত চাহিদাগুলোর জন্য লড়াই করা এবং তারা যে বিভিন্ন কমিউনিটির মধ্যে বড় হয় সেগুলোকে মূল্য দেওয়া। শিশুদের ও তাদের পরিবারদের প্রতি আমাদের পরিষেবার মানের নিরবচ্ছিন্নভাবে উন্নয়ন ঘটাতে আমরা আমাদের পরিষেবা ব্যবহারকারীদের বৈচিত্র সম্পর্কিত তথ্য যেমন জাতিগত উৎপত্তি, ভাষা ও বিশেষ চাহিদা - রেকর্ড করি (নথিভুক্ত করি) ও তদারকি করি। এই তথ্য আমাদেরকে রেইস রিলেশানস্ এমেন্ডমেন্ট এ্যাক্ট ২০০০ ডিসএবিলিটি ডিসক্রিমিন্যাশান এ্যাক্ট 1995 এবং ওয়েলস্ ল্যাঙ্গুয়েজ এ্যাক্ট 1993 এর চাহিদামত জাতিগত সাম্য ও পরিষেবার প্রতি অধিগম্যতা বাড়াতে সাহায্য করে।

তথ্য

যেভাবে আমরা তথ্য সংগ্রহ করি, গঠন করি ও সহজলভ্য করি তা আইন দ্বারা পরিচালিত হয়। এই পয়েন্টগুলো আপনার কাছে গুরুত্বপূর্ণ হতে পারে।

- আমাদের কাজের প্রকৃতি অনুযায়ী আমাদের পরিষেবা ব্যবহারকারীদের সম্পর্কিত ব্যক্তিগত তথ্য গঠন করার প্রয়োজন হয়। এই সমস্ত কাজকর্ম ডাটা প্রোটেকশান এ্যাক্ট অনুযায়ী গ্রহণ করা হয়। ডাটা প্রোটেকশান রেজিষ্টারে আমাদের অনুপ্রবেশ www.cafcass.gov.uk. তেপাওয়া যেতে পারে।
- ডাটা প্রোটেকশান এ্যাক্ট এর অধীনে আমরা আপনার ওপর যে সব তথ্য রাখি তার কপি চাওয়ার অধিকার আপনার রয়েছে।
- আমরা ফ্রিডম অফ ইনফেমেশান এ্যাক্ট 2000 অনুযায়ী পরিষেবা সম্পর্কে তথ্য দিতে দায়বদ্ধ।

ডাটা প্রোটেকশান এ্যাক্ট অথবা ফ্রিডম অব ইনফরমেশ্যান এ্যাক্ট অনুযায়ী আমরা কিভাবে কাজ করি সে সম্পর্কে আরও বিস্তৃত বিবরণের জন্য দয়া করে www.cafcass.gov.uk. তে আমাদের ওয়েবসাইটের 'ইনফরমেশ্যান' সেকশানে ভিজিট করুন অথবা আপনার স্থানীয় ক্যাফকাস অফিসে যোগাযোগ করুন।

আমাদের ওয়েবসাইটে আমাদের পুরো সার্ভিস সম্বন্ধে অধিক তথ্য রয়েছে।

V3-05

Putting children first
in the family courts